দৈনিক বাংলা

তারিখ 20 SEP 1993
পৃষ্ঠা ৭ কলাম ৭

# শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী সফল করুন ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস ছেলে-মেয়েদের শিক্ষিত করে গড়ে তোলার উদ্দেশ্যে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, প্রতিটি দম্পতি যদি তাদের সন্তানদের শিক্ষিত করার জন্য তৎপর হয় তবে সমাজ থেকে দ্রুত নিরক্ষরতা দূর হবে। প্রেসিডেন্ট শনিবার বঙ্গভবনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময়কালে একথা বলেন। সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ৬৫ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। খবর বাসসর।

প্রেসিডেন্ট বিশ্বাস বর্তমান সরকারের উদ্ভাবিত শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাদেরকে পরামর্শ দেন। এর ফলে জনগণ ছেলে-মেয়েদের স্কুলে পাঠাতে উৎসাহিত হবে। তিনি শিক্ষাঙ্গনের পরিবেশ রক্ষায় আশপাশের উপযুক্ত স্থানে বৃক্ষরোপণ করার জন্যও প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানান।

সমিতির সভাপতি শিক্ষকদের বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রেসিডেন্টকে অবহিত করেন। তিনি প্রেসিডেন্টকে আশ্বাস দিয়ে বলেন, বর্তমান সরকার গৃহীত বিভিন্ন কর্মসূচীতে প্রাথমিক শিক্ষক সমিতি সর্বাত্মক সমর্থন দিয়ে যাবে। প্রেসিডেন্ট তাদের সমস্যাগুলো সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন বলে আশ্বাস দেন।